

২০১৫

বাংলা

(সাম্মানিক)

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্রমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৫ x ২

(ক) রামমোহনের গদ্যচর্চার পরিচয় দিয়ে, তাঁর গদ্যরীতির বৈশিষ্ট্যগুলি লেখো। ১৫

(খ) 'অনুকরণ' প্রবন্ধটি অবলম্বনে অনুকরণের সুফল-কুফল বিষয়ে বঙ্কিমের মতামত ব্যক্ত করো। ১৫

(Turn Over)

(গ) 'কাব্যের উপেক্ষিতা' রচনাটিতে রবীন্দ্রনাথ কাদের কেন উপেক্ষিতা বলেছেন তা আলোচনা করে, রবীন্দ্রনাথের মত সমর্থনযোগ্য কিনা সে বিষয়ে তোমার যুক্তি দাও । ১২ + ৩

(ঘ) 'বর্তমান বঙ্গ সাহিত্য' সম্পর্কে যে বিরুদ্ধ সমালোচনা উঠেছিল, প্রমথ চৌধুরী কী কী যুক্তিতে তার উত্তর দিয়েছেন, প্রবন্ধটি অবলম্বনে তার পরিচয় দাও । ১৫

(ঙ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের 'সংস্কৃতি' প্রবন্ধটি অবলম্বনে "Culture", "Civilization", "সভ্যতা", "সংস্কৃতি" শব্দগুলির অর্থ পরিস্ফুট করো । সুনীতিকুমার নির্দেশিত ভারতীয় সংস্কৃতির বৈশিষ্ট্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও । ৮ + ৭

২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫ x ৮

(ক) বিবেকানন্দের গদ্যরীতির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো । ৮

(খ) বাংলা গদ্যচর্চার ইতিহাসে অক্ষয়কুমার দত্তের কৃতিত্বের পরিচয় দাও । ৮

(গ) 'গীতিকাব্য' প্রবন্ধটি অবলম্বনে গীতিকাব্য সম্পর্কে বঙ্কিমচন্দ্রের ধারণাটি পরিস্ফুট করো । ৮

- (ঘ) ‘মেষদূত’ প্রবন্ধে অবলম্বনে রবীন্দ্রনাথের সাহিত্য সমালোচনার বৈশিষ্ট্য আলোচনা করো । ৮
- (ঙ) ‘সাধারণ মানবপ্রকৃতি হইতে ভারতবর্ষীয় প্রকৃতি অনেক বিষয়ে স্বতন্ত্র’ — ‘কাদম্বরীচিত্র’ অনুসরণে ভারতীয়দের জীবনধারা ও সাহিত্যের স্বাতন্ত্র্যের পরিচয় দাও । ৮
- (চ) ‘সাধুভাষা বনাম চলিত ভাষা’ প্রবন্ধে প্রকাশিত প্রথম চৌধুরীর মতামত বিশ্লেষণ করো । ৮
- (ছ) ‘সমষ্টির জীবনে ব্যষ্টির জীবন, সমষ্টির সুখে ব্যষ্টির সুখ, সমষ্টি ছাড়িয়া ব্যষ্টির অস্তিত্বই অসম্ভব’ — বিবেকানন্দের ‘সমাজতন্ত্র’ প্রবন্ধটি অবলম্বনে এই তত্ত্বটি বুঝিয়ে দাও । ৮
- (জ) ‘ব্লাইভ স্ট্রিটে চাঁদ’ রচনাটি অবলম্বনে বুদ্ধদেব বসুর গদ্যশৈলীর পরিচয় দাও । ৮

৩। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ৫

- (ক) প্রকাশকাল সহ লেখকের নাম লেখো :
স্বগত, কবি রবীন্দ্রনাথ, স্বরচিত জীবনচরিত,
ভোতা ইতিহাস । ৪
- (খ) দৃষ্টান্তসহ প্যারীচাঁদ মিত্রের গদ্যশৈলীর দুটি বৈশিষ্ট্য লেখো । ৪

- (গ) ‘শকুন্তলা সম্বন্ধে সে কথা বলা যায় না’ —
অভিমন্যুটি কার ? শকুন্তলা সম্বন্ধে কী কথা বলা
যায় না এবং কেন ? ১ + ৩
- (ঘ) ‘যিনি একথা স্মরণ না রাখিবেন, তিনি শকুন্তলা-
চরিত্র বুঝিতে পারিবেন না’ — কে কী প্রসঙ্গে
এমন উক্তি করেছেন ? তিনি শকুন্তলার চরিত্রের
কোন দিকটির প্রতি আলোকপাত করতে চেয়েছেন ? ২ + ২
- (ঙ) বিদ্যাসাগরের দুটি অনুবাদ গ্রন্থের নাম লেখো ।
সেগুলি কোন্ কোন্ মূল গ্রন্থের অনুবাদ ? ২ + ২
- (চ) প্রাচীন ভারতে “নাগরিক” বলতে কাদের বোঝাত ?
তাদের ফ্যাশান কী ছিল ? ১ + ৩
- (ছ) “... একালের সূর্যমুখীর আসনে আজ যদি উপবিষ্ট
দেখি দামিনীকে, রাজলক্ষ্মীকে ...” — “সূর্যমুখী”,
“দামিনী”, “রাজলক্ষ্মী” কে ? প্রথম জনের সঙ্গে
বাকি দুজনের কোন পার্থক্যের দিকটি লেখক
ইঙ্গিত করছেন ? ১ + ৩
- (জ) “এ হাসি সামাজিক জড়তার প্রতি প্রাণের বক্রোক্তি,
সামাজিক মিথ্যার প্রতি সত্যের বক্রদৃষ্টি” — বক্রব্যাটি
কার ? বক্রব্যাটি বুঝিয়ে দাও । ১ + ৩